## কুড়িগ্রাম পৌরসভা কার্যালয়, কুড়িগ্রাম।

স্মারক নং- ৪৬.০৩.৪৯৫২.১১১.০৫১.২৬.১১১৯ তারিখঃ ৩০/০৭/২০২৬

### দরপত্র আহবান বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র পৌরসভার আওতাধীন শহীদ জিয়া বাজার সংলগ্ন নিম্নবর্ণিত সাইকেল ষ্ট্যান্ড টি আগামী ০১/০৯/২০২৬ ইং হতে ৩১/০৮/২০২৭ পর্যন্ত ১২ (বার) মাস মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা দেওয়ার উদ্দেশ্যে প্রকৃত ইজারদার গনের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে।

| ইজারা মহলের নাম | স্থান | দরপত্রের মূল্য (অফেরত যোগ্য) | সরকারি মূল্য | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বিক্রয় এবং দাখিলের স্থান ও সময় | দরপত্র খোলার স্থান |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| সাইকেল ষ্ট্যান্ড (শহীদ জিয়া বাজার) | ইজারাদারের নিজ দায়িত্বে বাজার সংলগ্ন | ৫০০/= (পাঁচশত) টাকা | ২০২০০০/- (দুই লাখ দুই হাজার) টাকা | ১ম বার ১৬/০৮/২৬ ২য় বার ২৫/০৮/২৬ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১ম বার ১৭/০৮/২০২৬ ২য় বার ২৬/০৮/২৬ দরপত্র দাখিলের সময় বেলা ১.০০ (এক) ঘটিকা পর্যন্ত। | জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম ও কুড়িগ্রাম পৌরসভা কার্যালয় কুড়িগ্রাম। অফিস চলাকালীন সময় পর্যন্ত | কুড়িগ্রাম পৌরসভা কার্যালয়, কুড়িগ্রাম। *খোলার সময় বেলা ৩.০০ ঘটিকা |

### দরপত্রের শর্তাবলী ঃ

১। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা/অস্পষ্টতা গ্রহনযোগ্য হবে না। খামের উপর দরদাতার নাম ঠিকানা ও ইজারার বিষয় উল্লেখ করিতে হইবে।

২। দরপত্র ক্রয়ের জন্য যে কোন তফসীলি ব্যাংক হইতে ০৩ নং কলামে উল্লেখিত মূল্যে "প্রশাসক", কুড়িগ্রাম পৌরসভা বরাবর পে-অর্ডার, বিডি করে দরপত্র ক্রয় করিতে হইবে।

৩। সাইকেল গ্যারেজ নিতে আগ্রহী ইজারদারকে শহীদ জিয়া বাজার সংলগ্ন জায়গায় নিজ দায়িত্বে গ্যারেজ স্থাপন করতে হবে। নিজস্ব জায়গা আছে বা ব্যবহার করিতে পারিবেন অথবা জায়গার মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজ দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৪। সাইকেল গ্যারেজে ফি বাবদ বাই-সাইকেল প্রতি ১০(দশ) টাকা ও মোটর সাইকেল প্রতি ২০ (বিশ) টাকা এবং মিশুক,অটো,নছিমন ও ভটভটি ২০(বিশ) টাকা আদায় করিবেন। যখন কোন ব্যক্তি সাইকেল/মোটর সাইকেল রাখিতে দিবেন ইজারদার তাহা নিজ দায়িত্বে সংরক্ষন করিবেন এবং তাহার সংরক্ষিত কোন বাই-সাইকেল কিংবা মোটর সাইকেল হারাইয়া গেলে অবশ্যই তিনি তাহা ক্ষতিপুরণ দিতে বাধ্য থাকিবেন।

৫। দরপত্র দাতাগন বর্ণিত সাইকেল ষ্ট্যান্ড টি যে পরিমান টাকায় ইজারা লইতে ইচ্ছুক তাহা দরপত্রের নির্দিষ্ট কলামে অংকে ও কথায় স্পষ্ট ভাবে উল্লেখ করিবেন। উদ্ধৃত দরের কোন আংশিক ব্যাংক ড্রাফ্ট অথবা বিনা ব্যাংক ড্রাফটে কোন দরপত্র দাখিল করেন তাহা হইলে উহা বাতিল বলিয়া গন্য হইবে।

৬। ইজারা মুল্যের উপর ১০% ভাগ আয়কর ও ১৫% ভাগ মুল্য সংযোজন করের টাকার ব্যাংক ড্রাফট প্রশাসক, কুড়িগ্রাম পৌরসভার অনুকুলে দরপত্রের সহিত গাঁথিয়া দিতে হইবে। ব্যর্থতায় তার দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৭। প্রাপ্ত সর্বোচ্চ দর কর্তৃপক্ষের নিকট বিবেচিত না হইলে প্রাপ্ত সর্বোচ্চ দর রেখে পুণরায় দরপত্র আহবান করা হইবে।

৮। প্রাপ্ত দরপত্র সমুহের মধ্যে সর্বোচ্চ উদ্ধৃত দর সন্তোষজনক মনে হইলে টেন্ডার কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে তাহা গ্রহণের জন্য বিবেচনা করা হইবে। অকৃতকার্য্য দরপত্র দাতাগনের জমাকৃত ব্যাংক ড্রাফ্ট ফেরত দেওয়া হইবে।

৯। দরপত্র অনুমোদনের পর ইজারদারকে অবশ্যই প্রশাসক, কুড়িগ্রাম পৌরসভার সহিত ৬০০/- (ছয়শত) টাকা মুল্যের নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি পত্র সম্পাদন করিতে হইবে।

১০। উপরোক্ত শর্ত সমুহের যে কোন একটির ব্যত্যয় ঘটিলে দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং ইহাতে কোন প্রকার আপত্তি আইনতঃ গ্রহন যোগ্য হইবে না।

১১। দরপত্রের সহিত হাল সনের ট্রেড লাইসেন্স এর ছায়ালিপি প্রদান করতে হইবে।

১২। পৌর কর্তৃপক্ষ, পৌর কর্মচারী কিংবা বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ের সরকারী কর্মকর্তাগণ যে কোন সময় ইজারা মহল পরিদর্শনের ক্ষমতা সংরক্ষন করেন।

১৩। পৌর কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের এবং প্রয়োজনে নতুন কোন শর্তারোপ করার ক্ষমতা সংরক্ষন করেন।

স্বাঃ-

প্রধান নির্বাহী কর্মকর্তা
কুড়িগ্রাম পৌরসভা।

স্মারক নং- ৪৬.০৩.৪৯৫২.১১১.০৫১.২৬.১১১৯ তারিখঃ ৩০/০৭/২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রচারার্থে প্রেরিত হইলঃ-(জেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম
২। প্রশাসক, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
৩। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৪। প্রশাসক, কুড়িগ্রাম পৌরসভা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
৬। সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম।
৭। অফিসার ইনচার্জ, কুড়িগ্রাম থানা, কুড়িগ্রাম।
৮। প্রশাসকের কর্মসম্পাদনের সহায়তা কমিটির সদস্য (সকল), কুড়িগ্রাম পৌরসভা।
৯। নির্বাহী প্রকৌশলী, কুড়িগ্রাম পৌরসভা, কুড়িগ্রাম
১০। সভাপতি/সম্পাদক, শহীদ জিয়া বাজার, ও ইজারদার শহীদ জিয়া বাজার/শহীদ জিয়া বাজার সাইকেল গ্যারেজ, কুড়িগ্রাম।
১১। www.pourashava.kurigram.gov.bd এ পাওয়া যাবে।
১২। নোটিশ বোর্ড, কুড়িগ্রাম পৌরসভা।
১৩। অফিস নথি।

প্রধান নির্বাহী কর্মকর্তা
কুড়িগ্রাম পৌরসভা।